**০৪। বঙ্গবন্ধুকে নিয়ে রচিত অঞ্চলভিত্তিক ১০টি মৌলিক গানের অডিও-ভিডিও রেকর্ডিং :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে এবং জেলা শিল্পকলা একাডেমি সিলেটের আয়োজনে বঙ্গবন্ধুকে নিয়ে রচিত অঞ্চলভিত্তিক ১০টি মৌলিক গানের অডিও-ভিডিও রেকর্ডিং এবং এডিটিংপূর্বক গানের কথা, গীতিকার ও সুরকারের নামসহ হার্ড ও সফট কপি ২৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রেরণ করা হয়েছে।

**০৫। 'Art Against Corona' শীর্ষক ২৫জন শিল্পীর অংগ্রহণে বিশেষ সঙ্গীতানুষ্ঠান আয়োজন :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে এবং জেলা শিল্পকলা একাডেমি সিলেটের আয়োজনে 'Art Against Corona ' শীর্ষক ২৫ জন শিল্পীর অংশগ্রহণে মান সম্পন্ন ও মিডিয়াতে প্রচারযোগ্য সাংস্কৃতিক অনুষ্ঠান নির্মাণের লক্ষ্যে অডিও-ভিডিও রেকর্ডিং রকর্ডিং এবং এডিটিংপূর্বক গানের কথা, গীতিকার ও সুরকারের নামসহ হার্ড ও সফট কপি ২৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রেরণ করা হয়েছে।

**০৬। 'Art Against Corona' শীর্ষক নৃত্যানুষ্ঠান নির্মাণ :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে এবং জেলা শিল্পকলা একাডেমি সিলেটের আয়োজনে 'Art Against Corona ' শীর্ষক নৃত্যানুষ্ঠানের ভিডিও রেকর্ডিং এবং এডিটিংপূর্বক ২৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রেরণ করা হয়েছে।

**০৭। বঙ্গবন্ধুর উপর রচিত এবং জনপ্রিয় ১০টি গানের কথা, গীতিকার ও সুরকারের নামসহ হার্ড ও সফট কপি প্রেরণ :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে এবং জেলা শিল্পকলা একাডেমি সিলেটের আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর রচিত ১০টি জনপ্রিয় গান অডিও রেকর্ডিংপূর্বক গানের কথা, গীতিকার ও সুরকারের নামসহ হার্ড ও সফট কপি ২৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রেরণ করা হয়েছে।

**০৮। অসচ্ছল সংস্কৃতিসেবী ও সাংস্কৃতিক সংগঠনকে অনুদান ও ভাতা প্রদান কার্যক্রম :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থবছরে সক্রিয় সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান ও ভাতা প্রদানের লক্ষ্যে স্থানীয়ভাবে ব্যাপক প্রচার-প্রচারণাপূর্বক বিনামূল্যে আবেদন ফরম ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বিতরণ করা হয়েছে।

**০৯। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমান পরিস্থিতি বিবেচনায় রেখে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে প্রশিক্ষণার্থীদের সুরক্ষিত রাখার লক্ষ্যে ৩০ এপ্রিল ২০২০ থেকে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ ক্লাস শুরু হয়ে অদ্যাবধি নিয়মিত চলছে। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের ব্যবস্থাপনা ও উদ্যোগে দেশের প্রথম সিলেট থেকে এই অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমটি শুরু হয়। শিশু ও সাধারণ বিভাগের প্রায় এক হাজার শিক্ষার্থীর অংশগ্রহণে একটি নির্ধারিত ফেসবুক গ্রুপে এই প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালিত হচ্ছে। প্রশিক্ষক ও শিক্ষার্থীরা এই সংকটময় মুহূর্তেও প্রণীত সময়সূচি অনুযায়ী বাসা থেকেই কেউ ক্লাস পরিচালনা কিংবা কেউ ক্লাস গ্রহণ করছেন।

**১০। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমিতে প্রশিক্ষণরত প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত জেলা শিল্পকলা একাডেমি লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র নিয়মিত বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। করোনা সংকট জনিত কারণে স্বাস্থ্যবিধি মেনে বর্তমানে সীমিত পরিসরে এই কার্যক্রম পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. আলোকচিত্র ৩টি।
২. পেপার কাটিং - ১কপি।
৩. অনলাইন ক্লাসের লিংক
www.facebook.com/groups/620817121803769/

০৫/১০/2020

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।